

৪১

# কক্সবাজার প্রি-ক্যাডেট মডেল হাই স্কুলের প্রধান শিক্ষক নিয়োগে অনিয়ম

## শিক্ষা মন্ত্রণালয়ের জালিয়াত চক্র জড়িত

কক্সবাজার অফিস

কক্সবাজারের বনামধ্য শিক্ষাপ্রতিষ্ঠান কক্সবাজার প্রি-ক্যাডেট মডেল হাই স্কুলের প্রধান শিক্ষক নিয়োগে জালিয়াতি অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। এর মাঝে জড়িত রয়েছে শিক্ষামন্ত্রণালয়ের একটি জালিয়াতি চক্র। গত ৪ মার্চ ২০০৬ প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রে নিয়োগপ্রাপ্ত প্রধান শিক্ষক সৈয়দ আহমদ কর্তৃক ব্যাপক অনিয়ম ও বিধি লঙ্ঘনের অভিযোগ উঠেছে। মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিয়োগের জন্য শিক্ষামন্ত্রণালয় শাখা-১১ কর্তৃক জারিকৃত স্মারক নং শাঃ ১১/বিবিধ-৫/৯৪/(অংশ-৬)/৩৯৪ তারিখ : ২৪/১০/৯৫ ও শাঃ ১১/বিবিধ-৫/৯৪(অংশ-৬) ৭৩১(১৯) শিক্ষা, তারিখ : ৩১/৮/২০০০ অনুযায়ী সহকারী প্রধান শিক্ষক হিসাবে কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতাসহ শিক্ষকতায় নিয়বন্ধিতভাবে বিদ্যালয়ে ১৫ বছরের শিক্ষকতার অভিজ্ঞতার শর্ত রয়েছে। কিন্তু তিনি কর্তৃপক্ষকে ভুলে ভুলে অভিজ্ঞতা সনদ প্রদর্শন ও তথ্য গোপনের মাধ্যমে উল্লেখিত স্মারকস্মারকের অপরিহার্য শর্তকে লঙ্ঘন করে কক্সবাজার প্রি-ক্যাডেট মডেল হাই স্কুলের প্রধান শিক্ষক পদে নিয়োগ লাভ করেন। উক্ত শিক্ষক বর্তমান পদে আসার পূর্বে উনিয়া বহুমুখী উচ্চবিদ্যালয়ে গত ১১/৯/৯৯ অফিস সহকারী পদে যোগদান করেছিলেন। পরবর্তীতে একই স্কুলে সহকারী পদে নিয়োগপ্রাপ্ত হয়ে গত ১/৮/৯০

এমপিওভুক্ত হন। সে হিসাবে তার বর্তমান কর্তৃত্বের প্রধান শিক্ষক পদে নিয়োগের পূর্ব পর্যন্ত সর্বসাক্ষ্যে শিক্ষকতার অভিজ্ঞতার বয়স হয় ১২ বছর। কিন্তু উক্ত শিক্ষক তার পূর্বতন স্কুলে করণিক পদসহ সহকারী শিক্ষক পদে চাকুরীকালকে উল্লেখিত স্মারকস্মারকের অভিজ্ঞতার শর্ত পূরণের জন্য ভুলে ভুলে অভিজ্ঞতার সনদ তৈরী করে শিক্ষামন্ত্রণালয় জারিকৃত উল্লেখিত স্মারকের শর্তকে লঙ্ঘন করে। এ অনিয়মের মাধ্যমে গত নভেম্বর ২০০৬ খ্রিস্টাব্দের এমপিওভুক্ত হয়ে সরকারী তিন লাখ টাকা আত্মসাত করে। তার এ ভুলে অভিজ্ঞতা সনদ প্রদানে তার পূর্বের স্কুলের প্রধান শিক্ষকের হাত রয়েছে বলেও জানা গেছে। বিধিত সূত্রে জানা গেছে, কক্সবাজার প্রি-ক্যাডেট মডেল হাই স্কুলে ভুলে ভুলে অভিজ্ঞতার সনদ ও দুর্নীতির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত বর্তমান প্রধান শিক্ষক সৈয়দ আহমদের বিরুদ্ধে তার এ জালিয়াতির বিষয়টি মহাপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের তদন্তাধীন রয়েছে। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ তার এ তদন্তে গড়িমসি করা মোটা অংকের টাকার বিনিময়ে তাকে পায় পাইয়ে দেয়ার তদন্তীত করছে বলে জানা গেছে। স্কুলের সচেতন অভিভাবক ও অভিজ্ঞ মডেল উচ্চ শিক্ষকের জালিয়াতির দ্রুত তদন্ত ও তার বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের মাধ্যমে কক্সবাজার সনদের একটি বন্যবনা স্কুলকে দুর্নীতিবাজ শিক্ষকের কবল থেকে মুক্ত করার দাবী জানিয়েছেন।